



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি নং- ৮৫/২০১৭

তারিখ : ০৫/০৪/১৪২৪ বঙ্গাব্দ
২০/০৭/২০১৭ খ্রিস্টাব্দ

জনতা ব্যাংক লিঃ-এ 'এসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-পল্লী ঋণ(এইও-আরসি)' পদে সরাসরি
নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

জনতা ব্যাংক লিঃ-এ 'এসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-পল্লী ঋণ(এইও-আরসি)' পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে Online-এ
প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ০৪/০৮/২০১৭ তারিখ
সকাল ০৯.০০ টা থেকে ১০.০০ টা পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশনের মধ্যে অবস্থিত বিভিন্ন কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) হতে সংগ্রহ করার জন্য
প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর
কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায়
অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে কোনক্রমেই পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, ঘড়ি ও অন্যান্য ইলেক্ট্রনিক
ডিভাইস নিয়ে প্রবেশ না করতে নির্দেশনা দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মোঃ মোশাররফ হোসেন খান)

মহাব্যবস্থাপক

ও

সদস্য-সচিব, বিএসসি